

২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত) কোর্সের ভর্তি বিজ্ঞপ্তি :

জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্মারক নং-১৬(৬৯৩)জাতী:বি:/রেজি:/একা:/মাস্টার্স ১ম পর্ব/২০১৪-১৫/৩৫৮৭ তারিখ:০৯/১০/২০১৬ খ্রি: অনুযায়ী দিনাজপুর সরকারি কলেজে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে এম.এ./এম.এস.এস./এম.এস.সি./এম.বি.এ. ১ম পর্ব কোর্সে নিম্নলিখিত বিষয়গুলোতে ভর্তির জন্য আবেদন ফরম গ্রহণ করা হবে।

(ক) বাংলা (খ) ইংরেজি (গ) অর্থনীতি (ঘ) দর্শন (ঙ) সমাজবিজ্ঞান (চ) ইতিহাস (ট) রাষ্ট্রবিজ্ঞান (ছ) হিসাববিজ্ঞান

(জ) ব্যবস্থাপনা (ঝ) পদার্থবিজ্ঞান (ঞ) রসায়ন (ট) গণিত (ঠ) প্রাণিবিদ্যা (ড) উদ্ভিদবিদ্যা

অনলাইনে আবেদন ১৬.১০.২০১৬ থেকে ২৭.১০.২০১৬ তারিখ পর্যন্ত

কলেজে আবেদন ফরম জমাদান: ১৬.১০.২০১৬ থেকে ২৭.১০.২০১৬ তারিখ পর্যন্ত

১. ভর্তির জন্য আবেদন ফরম পূরণের যোগ্যতাঃ

- (ক) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে যে সকল ছাত্র-ছাত্রী ০৩ বছর মেয়াদি স্নাতক (পাস) পরীক্ষায় কমপক্ষে ৩য় বিভাগে উত্তীর্ণ এবং ভর্তিচ্ছু বিষয়ে (৪০০ নম্বর সমন্বিত) ন্যূনতম ৪০% নম্বর থাকতে হবে। অথবা জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ০৪ বছর মেয়াদি স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ভিত্তি প্রাপ্ত শিক্ষার্থীগণ পঠিত বিষয়ে ভর্তির জন্য আবেদন করতে পারবে।
- (খ) স্নাতক (পাস) কোর্সে/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত) কোর্সে ভর্তির সুযোগ নেই। এছাড়াও চাকুরিরত প্রার্থীগণ নিয়মিত কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবেন না।

২. প্রাথমিক আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় কাগজপত্রঃ

- (ক) এসএসসি ও এইচএসসি এবং স্নাতক (পাস)/সমমানের পরীক্ষার নম্বরপত্র ও রেজি: কার্ডের এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- (খ) আবেদনপত্র দাখিলের সময় প্রার্থী পাসপোর্ট আকারের রঙিন ছবি ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ 120×150 Pixels, Image type: JPG এবং maximum file size: 50KB; আবেদন দাখিলের পর প্রার্থীর একটি PIN নম্বর পাবেন এবং আবেদনপত্র A4 (8.5" × 11") সাইজের কাগজে প্রিন্ট করতে পারবে। অনলাইনে আবেদনে কোন ধরনের ভুল তথ্য উপস্থাপন করলে আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- (গ) আবেদনপত্রের সাথে ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা জমাদানের মূল রসিদ সংযুক্ত করতে হবে। তবে নাম এবং সঠিক মোবাইল নম্বর অবশ্যই দিতে হবে। অন্যথায় গরমিল হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- (ঘ) মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/উপজাতি/প্রতিবন্ধি কেটার ভর্তিচ্ছুক ছাত্র-ছাত্রীদের প্রয়োজনীয় সনদপত্র দাখিল করতে হবে।

৩. রশিদ প্রাপ্তি ও আবেদনপত্র জমাদানের স্থানঃ

- (ক) কলেজ ক্যাশ শাখা থেকে মূল রসিদ গ্রহণ পূর্বক সাউথইস্ট ব্যাংক ডিভিটেড, কলেজ ক্যাম্পাস (পুরাতন বিজ্ঞান ভবন)-এ ফরম বাবদ ৩০০/- এবং প্রসপেক্টাস বাবদ ৫০/- সহ মোট =৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা জমা দিয়ে অনলাইনে পূরণ করে প্রিন্ট আউট কপি সংগ্রহ করতে হবে।
- (খ) প্রার্থী যে বিভাগে ভর্তি হতে ইচ্ছুক সে বিভাগে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন ফরম ও টাকা প্রদানের রসিদ জমা নেওয়া হবে।
- (গ) ফরম জমার সময় সকাল ৯:০০ টা থেকে বিকাল ৩:০০ টা পর্যন্ত।

৪. ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদনের নিয়মাবলীঃ


- (ক) প্রথম ধাপ: অনলাইনে প্রাথমিক আবেদন শিখনথীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট website (www.nu.edu.bd/admissions) এর Masters অপশনে ক্লিক করে Apply Now (Masters Preliminary) অপশনের মাধ্যমে আবেদন ফরম পূরণ করতে হবে। এই অপশনে শিক্ষার্থী তার অর্জিত স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও পাশের সন এন্ট্রি দিতে হবে। এই অপশনে শিক্ষার্থী তার পছন্দ অনুযায়ী একটি কলেজ/ইন্সটিটিউটের নাম select করলে শিক্ষার্থী তার স্নাতক পর্যায়ে জেলাওয়ারী কলেজসমূহের তালিকা দেখতে পাবে এবং সতর্কতার সাথে প্রার্থিত কলেজের পছন্দক্রম নির্বাচনসহ অন্যান্য তথ্য পূরণ করবে। এ পর্যায়ে আবেদন ফরমে শিক্ষার্থীর ছবি ক্যান করে আপলোড করতে হবে এবং submit অপশনে গিয়ে ফরম download করে প্রিন্ট নিতে হবে। সঠিকভাবে ফরম পূরণের জন্য শিক্ষার্থীদের ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর ১ম পর্ব (নিয়মিত) শিক্ষা কার্যক্রমের ভর্তি নির্দেশিকা অনুসরণ করতে হবে।

- (খ) মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/উপজাতি/প্রতিবন্ধি/পোষ্য কেটার ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীকে তথ্য ছকে নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কেটা Select করতে হবে।


- (গ) দ্বিতীয় ধাপ: শিক্ষার্থীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটি (নির্ধারিত স্থানে স্বাক্ষর করে) সংশ্লিষ্ট কলেজে আবেদন ফি বাবদ ৩৫০/-

- (তিনশত পঞ্চাশ) টাকাসহ জমা দিতে হবে।

বিস্তারিত তথ্য www.dgc.edu.bd সংশ্লিষ্ট বিভাগ ও ভর্তি কমিটির কাছ থেকে জানা যাবে।


অধ্যক্ষ

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর।


১৫.১০.১৬